

প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক
উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭



নম্বর: ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০.১৭৫৬

১৫ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ৩০ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

বিষয়: বিজ্ঞপ্তি/নোটিশ ৩০ নভেম্বর ২০২৩

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতাধীন “শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)” এর আওতায় সারাদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ১ম পর্যায়ে ৪০০১টি ও ২য় পর্যায় ৫০০০টিসহ মোট ৯০০১টি ল্যাব স্থাপন করা হয়েছে। পরবর্তীতে ৩০০টি সংসদীয় আসনে ৩০০টি “শেখ রাসেল স্কুল অফ ফিউচার” স্থাপন করা হয়েছে। ল্যাবসমূহ পরিচালনা, ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য ল্যাব প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ৪ জন করে মোট ৩৬,০২০ জন শিক্ষককে ১০ দিন ব্যাপী “আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলশ্যুটিং ও মেইনটেন্যান্স” বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয় যা অক্টোবর/ ২০২৩ মাসে সম্পন্ন হয়েছে। ব্যাচ ভিত্তিক প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সমাপ্তির পর প্রত্যেক প্রশিক্ষণার্থী শিক্ষককে নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হয়েছে। বর্তমানে এ প্রকল্পের আওতায় শিক্ষকবৃন্দের কোন প্রশিক্ষণ চলমান নাই।

০২। সম্প্রতি বিভিন্ন সূত্রে জানা গেছে, কে বা কারা প্রকল্প দপ্তর, আইসিটি অধিদপ্তর বা আইসিটি বিভাগের কর্মকর্তা পরিচয় দিয়ে শিক্ষকদেরকে বিভিন্ন মোবাইল নম্বর থেকে ফোন করে সম্মানী/ বরাদ্দ প্রদানের কথা বলে ব্যাংক/মোবাইল ব্যাংকিং/ডেবিট কার্ড/ক্রেডিট কার্ড এর তথ্য নেয়ার প্রচেষ্টা চালাচ্ছে। প্রকল্প দপ্তর বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর বা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এর সংগে কোন সংশ্লিষ্টতা নাই।

০৩। এমতাবস্থায়, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় স্থাপিত ল্যাবপ্রাপ্ত সম্মানিত শিক্ষকসহ সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য এবং এ ধরনের লেনদেন না করার জন্য অনুরোধ করা হলো।

৩০-১১-২০২৩

এস এ এম রফিকুল্লাহ

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

০২-৫৫০০৬৮২৬ (ফোন)

০২-৫৫০০৬৮২৬ (ফ্যাক্স)

pdsrdl@doict.gov.bd

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা;
- ২। জেলা প্রশাসক (সকল);
- ৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৫। সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৬। উপ প্রকল্প পরিচালক (সাধারণ), প্রকল্প পরিচালকের দপ্তর, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়);
- ৭। জেলা শিক্ষা অফিসার (সকল);
- ৮। প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর(সকল), [বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধসহ];
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
- ১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) এবং
- ১১। সহকারী প্রোগ্রামার, উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (সকল), [বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধসহ]।

